

2021/TDC/CBCS/ODD/
BNGDSE-502T/371

TDC (CBCS) Odd Semester Exam., 2021
held in March, 2022

BENGALI

(5th Semester)

Course No. : BNGDSE-502T

(দেশভাগ ও বাংলা সাহিত্য)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাস্বর্ছ সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

যে কোনো কুড়িটি প্রশ্নের অতি সংক্ষিপ্ত উত্তর দাও : $1 \times 20 = 20$

১। দেশভাগের ফলে ভারত কয়টি রাষ্ট্রে বিভাজিত হয় ?

২। সুরমা-বরাক উপত্যকা কবে আসামের সঙ্গে প্রথম যুক্ত হয়েছিল ?

22J/945

(Turn Over)

- ৩। পূর্ব পাকিস্তান কত সালে স্বাধীন রাষ্ট্রে পরিণত হয় ?
- ৪। 'দেশভাগ দেশত্যাগ' গ্রন্থটি কার লেখা ?
- ৫। দ্বিজাতিতত্ত্বের মূল কথাটি এক বাক্যে লেখো।
- ৬। 'নীলকণ্ঠ পাখির খোঁজে' উপন্যাসটি কয়টি খণ্ডে লিখিত ?
- ৭। 'নীলকণ্ঠ পাখির খোঁজে' উপন্যাসের প্রথম অনুচ্ছেদে কার জন্মের সংবাদ রয়েছে ?
- ৮। জোটন বিবি সম্পর্কে আবেদালির কী হয় ?
- ৯। সামসুদ্দিন গাছের ডালে কোন্ দলের ইস্তাহার বাঁধে ?
- ১০। "মা গো, সারাজীবন আমি চাঁদ সদাগরের পাট করছি, তুই বেহুলার।" কথাটি কে, কাকে বলেছে ?
- ১১। যে বাল্যবন্ধুর সাহায্য নিয়ে 'বিন্দু বিন্দু জল' উপন্যাসের নলিনী ডাক্তার ইন্ডিয়ায় চলে এসেছিলেন তার নাম কী ?
- ১২। শেখর দাসের প্রথম রচনা কোথায় প্রকাশিত হয় ?
- ১৩। 'বিন্দু বিন্দু জল' উপন্যাসের পারুল কীভাবে মারা যায় ?

১৪। বরুণের স্ত্রীর নাম কী ?

১৫। দাদা আর অগ্নিকাণ্ড থেকে বাঁচতে কে ভুল করে ছেলের বদলে পাশবালিশ বুকে নিয়ে ঘর ছেড়েছে ?

১৬। 'ভুবন ডাক্তার' গল্পের মাসিমার চাকরের নাম কী ?

১৭। কত বছর বয়সে ভুবনমোহন মেডিক্যাল কলেজ থেকে ডাক্তার হয়ে বেরোন ?

১৮। "আর কতটা পথ, বাবা?" কার কণ্ঠে এই প্রশ্ন দিয়ে 'পথের কাঁটা' গল্পের সূচনা হয় ?

১৯। "আমার রক্ত যদি তর গায়ে থাকে তবে উয়ারে মার এহনই।" কথাটি কে, কাকে বলেছে ?

২০। 'রক্তমণির হারে' গল্পসংকলনের ভূমিকাটি কার লেখা ?

২১। 'নতুন ইহুদি' নাটকের মুখুজ্যেরা তাদের বাড়ি কার কাছে বিক্রি করে কলকাতায় পাড়ি দিয়েছিল ?

২২। 'নতুন ইহুদি' নাটকের মীর্জা চরিত্রের পেশা কী ?

২৩। 'নতুন ইহুদি' নাটকে দেশভাগের অব্যবহিত পরবর্তীতে কলকাতায় এক কাঠা জমির দাম কত বলে জানা যায় ?

২৪। মনমোহন ভট্টাচার্যের মধ্যম পুত্রের নাম কী ?

২৫। “অখন থো ত,—আর গরুরে সোহাগ করতে লাগব না।”
গরুর নাম কী ?

SECTION—B

যে কোনো পাঁচটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

২৬। সিরিল রেডক্লিফ কে ? তিনি কবে ভারতে এসেছিলেন ?

২৭। পাঠ্যতালিকার বাইরে দেশভাগ-কেন্দ্রিক দুটি বাংলা উপন্যাসের
নাম লেখো।

২৮। “তর নাকি আবার বিয়া বসনের শখ হইছে।” কথাটি কে,
কাকে উদ্দেশ্য করে বলেছে ?

২৯। মুড়াপাড়ার হাতির মাছতের নাম কী ? তার হাতি নিয়ে যে
‘পাগল ঠাকুর’ হারিয়ে গেছেন তাঁর নাম কী ?

৩০। বসুমতী কেন উন্মাদ হয়ে গেছে, লেখো।

৩১। দেশত্যাগের সময় বালিকা পারুল কেন তার রঙিন চুড়ি ভেঙে
রাস্তায় ফেলে যাচ্ছিল, লেখো।

৩২। ভুবন ডাক্তারের বাবার নাম কী ? তিনি পেশায় কী ছিলেন ?

22J/945

(Continued)

- ৩৩। “ও হো হো, আপনার মতো সং সজ্জন মানুষের ছেলে বোম্বটে হয়ে গেল” —কথাটি কে, কাকে বলেছে ?
- ৩৪। ‘নতুন ইহুদি’ নাটকটি প্রথম কবে প্রকাশিত হয় ? এই নাটক প্রথম কবে অভিনীত হয়েছিল ?
- ৩৫। ‘নতুন ইহুদি’ নাটকের শুরুতে কোন্ গানটি সমবেত কণ্ঠে গীত হয় ? এই নাটকের প্রথম সংলাপটি কার কণ্ঠে উচ্চারিত হয় ?

SECTION—C

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

৮×৫=৪০

- ৩৬। বাঙালি জীবনে দেশভাগের অভিঘাত বিষয়ে সংক্ষেপে আলোচনা করো।
- ৩৭। দেশভাগ-কেন্দ্রিক বাংলা গল্প সম্পর্কে একটি সংক্ষিপ্ত নিবন্ধ প্রস্তুত করো।
- ৩৮। ‘নীলকণ্ঠ পাখির খোঁজে’ এই রূপক নামের অন্তরালে দেশভাগের যে মর্মান্তিক যন্ত্রণার দৃশ্য লেখক অঙ্কন করেছেন সে বিষয়ে সংক্ষেপে আলোচনা করো।
- ৩৯। ‘নীলকণ্ঠ পাখির খোঁজে’ উপন্যাসের নায়ক চরিত্রের বড়ো হয়ে ওঠার বিবরণ দাও।
- ৪০। ‘বিন্দু বিন্দু জল’ উপন্যাসের সুরবালা চরিত্রটি আলোচনা করো।

(Turn Over)

- ৪১। “দেশভাগের পরিণামই ‘বিন্দু বিন্দু জল’ উপন্যাসের আধেয়।”
মন্তব্যটি পর্যালোচনা করো।
- ৪২। ‘কাগাবগা গীতিকা’ গল্পের শৈলী সম্পর্কে তোমার অনুভব
বুঝিয়ে লেখো।
- ৪৩। ‘ভুবন ডাক্তার’ গল্পের ভুবন আত্মগ্লানি থেকে কীভাবে মুক্তি
পেল, আলোচনা করো।
- ৪৪। “ ‘নতুন ইহুদি’ নাটকের পণ্ডিতমশাই ও কেপ্ট চরিত্র দুটির মধ্য
দিয়ে দেশভাগোত্তর উদ্বাস্ত জীবনের নিদারুণ অভিজ্ঞতা ধরা
পড়েছে।” আলোচনা করো।
- ৪৫। ‘নতুন ইহুদি’ নাটকে সংলাপের বৈশিষ্ট্য সম্পর্কে সংক্ষেপে
আলোচনা করো।
